৮৬

দৈনিক খবর

31 AUG 1989
তারিখ
পৃষ্ঠা ২ কলাম ৪

# পথকলি ট্রাস্টের জন্যে রাষ্ট্রপতি ও ফার্স্ট লেডির দানগ্রহণ

বাসস জানায়, রাষ্ট্রপতি এরশাদ এবং ফার্স্ট লেডি বেগম রওশন এরশাদ গতকাল বুধবার রাষ্ট্রপতির সচিবালয়ে পথকলি ট্রাস্ট তহবিলের জন্য ১ কোটি ২৮ লাখ ৭৪ হাজার টাকার দান গ্রহণ করেছেন। পথকলি ট্রাস্ট তহবিল সূত্র জানান, দু'মাস পূর্বে এই ট্রাস্ট গঠনের পর থেকে এ পর্যন্ত প্রায় ২ কোটি টাকা

শেষ পৃষ্ঠায় ২য় কলামে

## পথকলি ট্রাস্টের

প্রথম পৃষ্ঠার পর

সংগৃহীত হয়েছে। ঢাকা পৌর কর্পোরেশনের প্রশাসক এম এ মালেক এমপি গতকাল রাষ্ট্রপতি এরশাদ ও বেগম রওশন এরশাদকে বিভিন্ন সংস্থার পক্ষ থেকে এক কোটি টাকার চেক হস্তান্তর করেন। তিনি বলেন, পথকলি ট্রাস্ট তহবিলে এই দান অব্যাহত থাকবে।

পাটমন্ত্রী মাহবুবুর রহমান বিজেএমসি'র অধীনস্থ পাটকলসমূহের শ্রমিক–কর্মচারী ও কর্মকর্তাদের দেয়া প্রথম কিস্তির দান হিসেবে ২৫ লাখ টাকার একটি চেক দিয়েছেন। মন্ত্রী রাষ্ট্রপতি ও ফার্স্ট লেডিকে জানান যে বিজেএমসি পাটকলগুলোর শ্রমিক–কর্মচারী ও কর্মকর্তারা সিদ্ধান্ত নিয়েছেন যে, তারা তাদের মজুরি ও বেতনের খুচরা পয়সার ভাগটাও দান করে যাওয়ার সিদ্ধান্ত নিয়েছে। বেসামরিক বিমান চলাচল ও পর্যটনমন্ত্রী এইচ এম এ গাফফার তহবিলে এক মাসের বেতন দান করেছেন। গতকাল অন্যান্যের মধ্যে যারা দান করেছে তাদের মধ্যে ঢাকা বিভাগের প্রাথমিক বিদ্যালয়ের ছাত্ররা দিয়েছে ১ লাখ ৬৪ হাজার ১শ' ৯৪ টাকা। শিক্ষা প্রতিমন্ত্রী নিতাই রায় চৌধুরী শিক্ষা মন্ত্রণালয়ের পক্ষ থেকে দিয়েছেন ৯২ হাজার ৯শ' ৫০ টাকা এ বি এম ইকবাল ৫০ হাজার টাকা, এম আর খান ২৫ হাজার টাকা, কচিকন্ঠ স্কুলের ছাত্ররা ১০ হাজার টাকা, দীন মোহাম্মদ রানা ১০ হাজার টাকা, ব্যাংক অব ইন্ডাস্ট্রিজ এন্ড কমার্স লিমিটেডের কর্মকর্তা ও কর্মচারীরা ৫ হাজার টাকা, বাংলাদেশ এক্সট্রা মোহরার এসোসিয়েশন ৫ হাজার টাকা, নওয়াবগঞ্জ সরকারী প্রাথমিক বিদ্যালয়ের ছাত্ররা সাড়ে ৩ হাজার টাকা এবং পিটার পল ইনফেন্ট স্কুল দিয়েছে ৯শ' টাকা।

এছাড়া রাষ্ট্রপতি এরশাদ উত্তরাঞ্চলীয় পাবনা, নাটোর, বগুড়া ও জয়পুরহাট জেলায় তাঁর দু'দিনের সফরকালে পথকলি ট্রাস্টের জন্য বিভিন্ন স্তরের জনগণ ও প্রতিষ্ঠানের কাছ থেকে ৪ লাখ ২০ হাজার ৯শ' ৪৮ টাকা দান গ্রহণকরেছেন।